

(গ) 'সেই কথাটাকেই বুঝি পথ চলতে চলতে ও পায়ে পায়ে খইয়ে দিতে চায়।'—
কার সম্পর্কে বলা হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য নির্দেশ করো। ১+৪

(ঘ) 'তার মুখ-ধোবার টেবিলের উপকরণ দশাননের পক্ষেও বাহুল্য হত।'— উদ্দিষ্ট
ব্যক্তিটি কে? তার সম্পর্কে এরূপ উক্তি কারণ কী বুঝিয়ে দাও। ১+৪

৮। (ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে যুগসম্বন্ধিষ্ণের বৈশিষ্ট্য কতটা লক্ষিত
হয় তা আলোচনা করে দেখাও। ১৫

অথবা, 'কোপাই নদী ঠিক যেন কাহার কন্যে।'— উপন্যাসের কাহিনী সূত্রের বিকাশে
কাহার মেয়েদের ভূমিকা নির্দেশ করো। ১৫

৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) '— আমার দিকে তাকালে কি হবে বল? জাত আর থাকবে না, অজাত ঢুকেছে
ঘরে।'— কে, কাকে, কেন একথা বলেছে? ১+১+৩

(খ) 'এখনও মনে লাগছে দলে মেশে নাই। তবে চারে ভিড়েছে। তা' পরেতে টোপ
ধরলে ঘাই মারবে।'— বক্তা কে? কাকে বলেছে একথা? কেন? ১+১+৩

(গ) 'গলায় তোরা পৈতে নে, বুঝলি;'— বক্তা কে? কার উদ্দেশ্যে বলেছে? অংশটির
তাৎপর্য কী আলোচনা করো। ১+১+৩

(ঘ) 'এই নিয়ে পাড়ার মেয়েরা যে গবেষণা করছে, তাতে তাকে আতঙ্কিত করে
তুলেছে। সে নিজেও ভেবে দেখেছে, কেউ কখনও করে নাই!'— কে আতঙ্কিত
হয়েছে? প্রসঙ্গ নির্দেশসহ বক্তার মানসিকতার পরিচয় দাও। ১+৪

বাংলা সাম্মানিক : চতুর্থ পত্র—২০১২

পূর্ণমান—১০০

৫, ৭ $\frac{১}{২}$, ১০ ও ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ১৫০, ২০০, ও
৩০০ শব্দের মধ্যে লেখা বাঞ্ছনীয়)

১। (ক) ঐতিহাসিক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নির্ণয় করো। বাংলায় লেখা
একটি ঐতিহাসিক নাটকের বিস্তারিত পরিচয় দাও। ৭+৮

অথবা, (খ) যে কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭ $\frac{১}{২}$ +৭ $\frac{১}{২}$

(অ) কমেডি (আ) সামাজিক নাটক, (ই) সাংকেতিক নাটক (ঈ) থার্ড থিয়েটার।

২। (ক) উনিশ শতকের মধ্যভাগে সখের নাট্যাভিনয়ের ধারায় বেলগাছিয়া
নাট্যশালার ভূমিকা ও অবদান বিষয়ে আলোচনা করো। ১৫

অথবা, (খ) যে কোন দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো : ৭ $\frac{১}{২}$ +৭ $\frac{১}{২}$

(অ) নাট্যনিয়ন্ত্রণ বিল (আ) জোড়াসাঁকো নাট্যশালা (ই) ন্যাশনাল থিয়েটার
(১ম পর্ব) (ঈ) নবীনচন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার।

৩। (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনের সার্থকতাকে সুনিশ্চিত করেছে চরিত্র অনুযায়ী উপযুক্ত সংলাপ যোজনা।— এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

অথবা, (খ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে মাইকেল মধুসূদন দত্ত তদানীন্তন যুগ-সমাজের যে চিত্র এঁকেছেন, তার বাস্তবতা ও গ্রহণযোগ্যতা বিচার করো। ১০

৪। (ক) মাইকেল মধুসূদন দত্তর 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' প্রহসনে ভক্তপ্রসাদের চরিত্রটি কতদূর বিশ্বাসযোগ্য হয়ে উঠেছে বিচার করো। ১০

অথবা, (খ) মাইকেল মধুসূদন দত্তর 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' প্রহসন হিসাবে কতখানি সার্থক হয়ে উঠেছে বিশ্লেষণ করো। ১০

৫। (ক) রবীন্দ্রনাথের 'মুক্তধারা' নাটকের নামকরণের সার্থকতা নিরূপণ করো। ১৫

অথবা, (খ) 'অভিজিৎ হচ্ছে সেই মারনেওয়ালার ভিতরকার পীড়িত মানুষ।' — রবীন্দ্রনাথের এই উক্তি আলোকে অভিজিৎ চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

৬। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'আমি শুনেছি এই পথ দিয়ে তাকে নিয়ে গেল, ঐ গৌরীশিখরের পশ্চিমে— সেখানে আমার দৃষ্টি পৌঁছয় না,' — কে বলেছে? কার সম্পর্কে এই উক্তি করা হয়েছে? উক্তিটির প্রাসঙ্গিকতা কী? ১+১+৩

(খ) '....ভাই, তোমার জন্মক্ষণে গিরিরাজ তোমাকে পথে অভ্যর্থনা করেছেন, ঘরের শঙ্খ তোমাকে ঘরে ডাকেনি।'

— কে বলেছে? কাকে বলেছে? কেন বলেছে আলোচনা করো। ১+১+৩

(গ) 'ওয়ে অমন করে মন্দিরের মাথা ছাড়িয়ে গেল এটা যেন স্পর্ধার মতো দেখাচ্ছে।'

— কে বলেছে? কাকে বলেছে? মন্তব্যটির মধ্য দিয়ে লেখক কী বোঝাতে চেয়েছেন? ১+১+৩

(ঘ) 'তাই ওরা শক্ত, কিন্তু থুঃ-অপবিত্র।'

— কে বলেছে? কাদের সম্পর্কে বলেছে? কেন এই কথা বলেছে আলোচনা করো। ১+১+৩

৭। (ক) সময় ও সমাজের প্রেক্ষাপটে উৎপল দত্ত-র 'টিনের তলোয়ার' নাটকটির রচনা কতখানি সার্থক — বিচার করো। ১৫

অথবা, (খ) উৎপল দত্ত-র 'টিনের তলোয়ার' নাটকে গানের প্রয়োগ কতটা উপযোগী হয়েছে পর্যালোচনা করো। ১৫

৭। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'আমার জাত হচ্ছে থিয়েটারওয়ালার, অভিনয় বেচে খাই'

— কে কাকে বলেছে? উক্তিটির তাৎপর্য কী? ১+১+৩

(খ) 'সাঁঝের বেলায় দোকানে জ্বালবেন! ওপরে বেল-লঠন, দেয়ালে দেয়ালগিরি আর মেজেতে এই নবাবী বাতির রোশেনাই।'

— কে বলেছে? কাকে বলেছে? কেন বলেছে? ১+১+৩

(গ) 'এত নেকাপড়া করে টিনের তলোয়ার বেঁধে ছেলেমানুষী করো কেন?'

— বক্তা কে? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে? টিনের তলোয়ারের কথা কেন বলা হয়েছে? ১+১+৩

(ঘ) 'মেয়েটাকে বেচে দিলেন, বাবু?'

— কে বলেছে? কাকে বলেছে? কেন বলেছে? ১+১+৩